# ঢাকা ওয়াসা

(১) দাশেরকান্দি পয়ঃশোধনাগার এর আওতায় ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (এপিপি)'র কপি।

(২) দাশেরকান্দি পয়ঃশোধনাগারে ব্যবহারের জন্য প্রয়োজনীয় Chemicals (Cationic Polyacrylamide (PAM)-Flocculent) এর অনুমোদিত Specification।

(৩) দাশেরকান্দি পয়ঃশোধনাগারে ব্যবহারের জন্য প্রয়োজনীয় Chemicals (Cationic Polyacrylamide (PAM)-Flocculent) এর অনুমোদিত দর।

(৪) প্রস্তুতকৃত প্রাক্কলন।

বিষয়ঃ Procurement of Chemical (Cationic Polyacrylamide (PAM)-Flocculent) for Dasherkandi STP (Lot-2) সরবরাহ কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

ক্রমিক নং-০১ হতে ০৪ দেখা যেতে পারে। ঢাকা মহানগরবাসীর শতভাগ পয়ঃ সেবা প্রদানের লক্ষ্যে Export-Import Bank of China এর অর্থায়নে চীনা রাষ্ট্রায়ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation কর্তৃক ঢাকা ওয়াসার দাশেরকান্দি পয়ঃশোধনাগারটি বাস্তবায়ন শেষে গত ০১/০৭/২০২৩খ্রিঃ তারিখ হতে ঢাকা ওয়াসা কর্তৃক আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation and Maintenance কার্যক্রম চলমান রয়েছে।

০২। আলোচ্য পয়ঃশোধনাগারটির Operation কার্যক্রম পরিচালনার জন্য কিছু Process Chemicals (cPAM, CaCO3, PAC, NaoH) ইত্যাদির প্রয়োজন হয়। ইতোপূর্বে উক্ত Process Chemicals (cPAM, CaCO3, PAC, NaoH) এর Specification ও দর প্রকল্পের আওতায় গঠিত কমিটির সুপারিশক্রমে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক অনুমোদন হয় (ক্রমিক নং- ২ ও ৩ দ্রঃ)। সে মোতাবেক আলোচ্য পয়ঃশোধনাগারের জন্য প্রকল্পের অর্থায়নে উক্ত Process Chemicals সমূহ ক্রয় করা হয়েছিল। বর্তমানে পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম নিরবিচ্ছিন্ন রাখার স্বার্থে পূর্বের অনুমোদিত Specification ও দর অনুযায়ী Cationic Polyacrylamide (PAM)-Flocculent ক্রয় করা প্রয়োজন। সেপ্রেক্ষিতে অনুমোদিত দরের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৪ দ্রঃ)। মোট প্রাক্কলিত ব্যয় ৳ ২,৩৪,০০,০০০/- (দুই কোটি চৌত্রিশ লক্ষ) টাকা মাত্র। উল্লেখ্য, আলোচ্য ব্যয়ভার পয়ঃশোধনাগারের আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে প্রাপ্ত রাজস্ব বাজেটের Chemical (01-03-001) খাত হতে এবং অনুমোদিত ক্রয় পরিকল্পনার ক্রমিক নং- ৩০ হতে নির্বাহ করা হবে।

০৩। আলোচ্য Procurement of Chemical (Cationic Polyacrylamide (PAM)-Flocculent) for Dasherkandi STP (Lot-1) কাজটি CPTU প্রনীত Standard Tender Document (STD) e-PG3 অনুসরণে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) এ দরপত্র অহব্বানের মাধ্যমে সম্পূর্ণ করা হবে। দরপত্র দলিলের e-TDS অংশের ITT1.1 এ procuring Entity হিসেবে নির্বাহী প্রকৌশলী, দাশেরকান্দি পয়ঃশোধনাগার, ঢাকা ওয়াসা দায়িত্ব পালন করবেন এবং উক্ত ক্রয়কারী কর্তৃক দরপত্র আহবান, NOA ইস্যু, চুক্তি সম্পাদন, কার্য সম্পাদন নোটিশ জারী ইত্যাদি সকল কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া, দরপত্র দলিলের e-TDS অংশের ITT15.1 (a) এ সরবরাহকারীর যোগ্যতা হিসেবে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (General Supply Experience) ৫ (পাচঁ) বৎসর এবং ITT15.1 (b) এ সমপ্রকৃতির কাজের অভিজ্ঞতা (Similar Experience) সর্বশেষ ৩ (তিন) বৎসরে ২টি কাজে প্রতিটি নূন্যতম ১০০.০০ লক্ষ করে ২০০.০০ লক্ষ টাকা ধরা যেতে পারে অথবা সর্বশেষ ৩ (তিন) বৎসরে যে কোন একটি কাজে নূন্যতম ২০০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial solvency ২৩০.০০ লক্ষ টাকা ধরা যেতে পারে। উল্লেখ্য, প্রয়োজনবোধে PE অফিস কর্তৃক Bidding Criteria পরিবর্তন, পরিমার্জন ও সংযোজন করা যেতে পারে। আলোচ্য কাজের অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

০৪। এমতাবস্থায়, দাশেরকান্দি পয়ঃশোধনাগারের Operation কার্যক্রম নিরবিচ্ছিন্ন রাখার লক্ষ্যে "Procurement of Chemical (Cationic Polyacrylamide (PAM)-Flocculent) for Dasherkandi STP (Lot-2)" শীর্ষক সরবরাহ কাজটি সর্বমোট ৳ ২,৩৪,০০,০০০/- (দুই কোটি চৌত্রিশ লক্ষ) টাকায় e-GP প্রক্রিয়ায় PPR-2008 এর ধারা ৬১ অনুসারে উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM) বাস্তবায়নের নিমিত্তে CPTU এর Standard Tender Document (STD) এর e-PG3 অনুসরনে সম্পন্ন করার লক্ষ্যে আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন দেয়া যেতে পারে।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

29.09.24
ইমাম হোসেন
উপ-সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃ শোধনাগার
ঢাকা ওয়াসা।

A.E
29.9.24
মোঃ হাবিবুর রহমান রনি
সহকারী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

29/09/2024
মোঃ মোমতাজুর রহমান
নির্বাহী প্রকৌশলী
দাশেরকান্দি পয়ঃশোধনাগার
ঢাকা ওয়াসা।

SE (WS/TPC)
29.09.2024
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাঃ ও পয়ঃশোঃ সার্কেল
ঢাকা ওয়াসা।

CE
30.10.24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (O&M)

৫/ অনু-৪ মতে প্রস্তাবটি অনুমোদন দেওয়া যেতে পারে।

31/10/2024
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

MD. 27/10/24
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

DMD

CE
27/10/2024

EE, DSTP
27/10/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা